



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী

ওয়েব: [www.rgcc.ac.bd](http://www.rgcc.ac.bd), ই-মেইল: [prin2388@yahoo.com](mailto:prin2388@yahoo.com), EIH: 126489

ফোন : ০২৫৮৮৮৫০৩৮৮ (অধ্যক্ষ), ০২৪৭-৮১০১২৮ (অফিস) ফ্যাক্স : ০৭২১-৮১২৬৩২

তারিখ: ১৩/০২/২০২৫ খ্রি.

## উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৪-২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির দরিদ্র শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তিযোগ্য দরিদ্র শিক্ষার্থী নির্বাচন ও HSP-MIS এ তথ্য এন্ট্রির জন্য শিক্ষার্থীদের নিকট হতে নির্ধারিত ছকের মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে। আগ্রহী শিক্ষার্থীদের কলেজের ওয়েবসাইট ([www.rgcc.ac.bd](http://www.rgcc.ac.bd)) হতে ৪ পৃষ্ঠার নির্ধারিত ফরম ডাউনলোড করে অথবা কলেজের অফিস থেকে সংগ্রহ করে, পূরণকৃত ফরম ও প্রয়োজনীয় কাগজসমূহ আগামী ২৪/০২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে কলেজে উপস্থিত হয়ে আবেদন জমা দেয়ার নির্দেশ প্রদান করা হল। কোন শিক্ষার্থী অন্য সরকারি উৎস থেকে বৃত্তিপ্রাপ্ত হলে অথবা অভিভাবক কর্তৃক শিক্ষাভাতা গ্রহণ করলে, উপবৃত্তির জন্য যোগ্য বিবেচিত হবে না। এছাড়া শিক্ষাবোর্ড কর্তৃক মেধা/সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীও উপবৃত্তি প্রাপ্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

**উল্লেখ্য, আবেদন ফরমে প্রদানকৃত কোন তথ্য যাচাই-বাছাইকালে অসত্য হিসেবে ধরা পড়লে তা শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হবে। উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS এ এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না।**

আবেদন ফরম পূরণের নিয়মাবলী:

- সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির ক্ষেত্রে তাদের অভিভাবকের একাউন্ট নম্বর হিসাবে শুধুমাত্র **'নগদ' একাউন্ট নম্বর ব্যবহার করতে হবে।**
- একই পিতা/মাতা/অভিভাবকের ০২ (দুই) জন সন্তান ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণিতে উপবৃত্তির জন্য নির্বাচিত হলে একটি নগদ একাউন্ট নম্বর সর্বোচ্চ ০২ (দুই) জন সন্তানের উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে। তবে পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের নম্বর ০২ (দুই) সন্তানের ক্ষেত্রে একই থাকতে হবে।
- আবেদনকৃত সকল শিক্ষার্থীর **১৭ সংখ্যার অনলাইন জন্মনসদ থাকতে হবে।**
- পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) ১০ অথবা ১৭ সংখ্যা অবশ্যই প্রদান করতে হবে। ১৩ সংখ্যার জাতীয় পরিচয়পত্রের ক্ষেত্রে প্রথমে জন্ম সালের ৪ ডিজিট বসিয়ে ১৭ সংখ্যায় রূপান্তর করতে হবে।
- শিক্ষার্থীর উপবৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে আবেদনে **অভিভাবক হিসাবে নির্ধারিত ব্যক্তির (পিতা/মাতা/অন্য যে কোন বৈধ অভিভাবক) এনআইডি দিয়ে খোলা বৈধ/সচল নগদ একাউন্ট নম্বর ব্যবহার করতে হবে।**
- শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। **কেবল পিতা মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচন করা যাবে।**
- আবেদনের সময় পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন থাকতে হবে এবং নগদ একাউন্ট খুলতে হবে। এরপর, অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম এন্ট্রি করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন থাকতে হবে এবং নগদ একাউন্ট খুলতে হবে। অভিভাবক ও হিসাবধারীর নাম

হিসাবে মাতার নাম এন্ট্রি করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন /দাদা/দাদী /নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার (NID) করে সিম রেজিস্ট্রেশন থাকতে হবে এবং নগদ একাউন্ট খুলতে হবে। অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে।

- তথ্য এন্ট্রির পূর্বে ও পরে নগদ একাউন্ট নম্বর এবং হিসাবধারী নাম সঠিক আছে কিনা তা নিশ্চিত হয়েই আবেদন ফরমপূরণ করতে হবে।
- **অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।**

আবেদনপত্র জমা দেওয়ার সময় এবং স্থান:

তারিখ	সময়	স্থান	ফোন
১৩/০২/২০২৫ থেকে ২৩/০২/২০২৫ খ্রি. পর্যন্ত	সকাল ১০.০০টা হতে ১.০০ পর্যন্ত	আইসিটি বিভাগ	০১৭৩৪-২৫০৭২৯

অধ্যক্ষ 13.02.25

রাজশাহী সরকারি সিটি কলেজ